দ্বিতীয় টেস্টের জন্য হায়দরাবাদে অনুশীলনে চলেছেন চেতেশ্বর পুজারা (বাঁয়ে)। প্রস্তুতির মাঝে পরামর্শ দুই ওপেনার–পৃথ্বী শা ও লোকেশ রাহুলের।

### আজ ওডিআই সিরিজের দল বাছাই

# নির্বাচকদের বিশ্বকাপ ভাবনায় নজরে ঋষভ

**নয়াদিল্লি, ১০ অক্টোবর ঃ** হাতে আর কয়েকটা মাস। আগামী বছরের মাঝামাঝি ইংল্যান্ডের মাটিতে বিশ্বকাপের আসর। তার আগে ঘর গোছানোর পর্বে মশগুল অংশগ্রহণকারী দলগুলি। ভারতও ব্যতিক্রম নয়। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে আসন্ন পাঁচ ম্যাচের ওডিআই সিরিজেও নজর সেই মিশন বিশ্বকাপে। মিডলঅর্ডারের পাশাপাশি ব্যাকআপ উইকেটকিপার নিয়ে 'মিউজিক্যাল চেয়ার' পরিস্থিতির সমাধান অগ্রাধিকার পাচ্ছে। আর এই দুটি ইশ্যুতেই নির্বাচকরা গুরুত্ব দিচ্ছেন ঋষভ পন্থকে।

ইংল্যান্ডের বিরুদ্ধে গত টেস্ট সিরিজে দুরন্ত শতরানের পর মনে করা হয়েছিল এশিয়া কাপে সুযোগ পাবেন ঋষভ। কিন্তু দীনেশ কার্তিক খেলেছিলেন। তবে রাজকোট টেস্টেও আগ্রাসী ইনিংসে ওডিআই ফর্মাটেও নিজের দাবিটা জোরদার করে নিয়েছেন ঋষভ। কাল ওডিআই সিরিজের দল বাছতে বসে, ঋষভকে এড়িয়ে যাওয়া মুশকিল এমএসকে প্রসাদের নেতৃত্বাধীন নির্বাচক কমিটির। গত দুটি টেস্টে যা ব্যাটিং করেছেন, তাতে স্পেশালিস্ট ব্যাটসম্যান হিসেবেও প্রথম একাদশে ঋষভকে খেলানোর সম্ভাবনা থাকছে। বোর্ডের এক শীর্ষস্থানীয় আধিকারিক বলেন, 'বিশ্বকাপে খেলছেই ধোনি। তবে ধোনিকে হিসেবে রেখে পন্থকে তৈরি রাখাও জরুরি। মনে রাখতে হবে ৬, ৭ নম্বরে ওর ব্যাটিং দক্ষতা সম্পদ দলের।'

২০১৯ বিশ্বকাপের আগে ভারতের হাতে ১৮টি মতো ওডিআই ম্যাচ রয়েছে। তার মধ্যেই মিডলঅর্ডারের সমস্যা মেটাতে হবে। ৫ ও ৬ নম্বরে কারা খেলবে, তা ঠিক করে নিতে হবে। ২০১৭-র চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে ৪, ৫ ও ৬-তিনটি স্থানে মোট ১০জনকে দিয়ে পরখ করা হয়েছে। আজিঙ্কা রাহানে, লোকেশ রাহুল, দীনেশ কার্তিক, সুরেশ রায়না, মণীশ পাণ্ডে, কেদার যাদব, হার্দিক পান্ডিয়া, শ্রেয়স আয়াররা মিলিতভাবে প্রায় ৩৬টি ম্যাচ খেললেও, সমস্যার হাল হয়নি। আসন্ন সিরিজ সেদিক থেকে গুরুত্বপূর্ণ বিশ্বকাপ-ভাবনার নিরিখে। আর এই ভাবনায় মিডলঅর্ডারে ঋষভের ব্যাটিং গুরুত্ব পাচ্ছে। এশিয়া কাপে কার্তিক ব্যাটসম্যান হিসেবে খেললেও, প্রত্যাশাপূরণে ব্যর্থ। সৌরভ গঙ্গোপাধ্যায়ের মতো প্রাক্তন তারকারাও ঋষভকে খেলানোর পরামর্শ দিয়েছিলেন। কাল সম্ভবত, সেই পথেই হাঁটতে চলেছেন প্রসাদ অ্যান্ড কোং।

কার্তিক-ঋষভ ইশ্যুটিকে বাদ দিলে এশিয়া কাপ জয়ী দলে একাধিক পরিবর্তনের সম্ভাবনা। বিরাট কোহলি এশিয়া কাপ থেকে বিশ্রাম নিয়েছিলেন। সেক্ষেত্রে টপঅর্ডারে বিরাট ফিরবেন। আরও একটা সূত্রের খবর, কবজির সমস্যা রয়েছে অধিনায়কের। প্রথম টেস্টে খেলা নিয়েও চাপানউতোর ছিল। ফলে বিরাটকে আবারও বিশ্রাম দেওয়ার কথা ভাবা হতে পারে। নভেম্বরেই অস্ট্রেলিয়ার মতো চ্যালেঞ্জিং সফর রয়েছে। প্রসাদরা ইতিমধ্যেই জানিয়ে দিয়েছেন, বিরাট যাতে তরতাজা হয়ে অসিদের বিরুদ্ধে নামতে পারেন, তা অগ্রাধিকার পাবে।

ভারত এশিয়া কাপ জিতেছিল রোহিত শর্মার অধিনায়কত্বে। খোদ রোহিতও দুর্দান্ত ফর্মে ছিলেন। বিরাটকে বিশ্রাম দেওয়া হলে ফের রোহিতই নেতৃত্ব দেবেন। তবে বিরাট শেষপর্যন্ত খেললে মণীশ পান্ডের উপরই সম্ভবত কোপ পড়তে চলেছে। বোলিং বিভাগে মহম্মদ সামি, উমেশ যাদবদের রাখা হয়নি এশিয়া কাপ দলে। প্রথমবার জাতীয় দলে ডাক পান খলিল আহমেদ। ওয়েস্ট ইন্ডিজ ওডিআই সিরিজেও সম্ভবত ফের সুযোগ পাচ্ছেন খলিল। স্পিন বিভাগে কুলদীপ যাদব, যুযবেন্দ্র চাহালের সঙ্গে অক্ষর প্যাটেল-রদবদলের সম্ভাবনা কম। প্রসঙ্গত, প্রতিপক্ষ ওয়েস্ট ইন্ডিজ ইতিমধ্যেই দল ঘোষণা করে দিয়েছে।

### 'লোকেশ হল দীর্ঘমেয়াদি বিনিয়োগ'

# বিরাটের সামনে ইনজামাম, সৌরভদের ছোঁয়ার সুযোগ পৃথ্বীর

**হায়দরাবাদ, ১০ অক্টোবর ঃ** চারমিনার শহরে নতুন কীর্তির হাতছানি বিরাট কোহলির জন্য।

ব্যাট হাতে বাইশ গজে নিত্যনতুন রেকর্ড ভাঙাগড়া অভ্যাসে পরিণত করে ফেলেছেন। রাজকোটে স্যার ডন ব্র্যাডম্যানের দ্বিতীয় দ্রুততম ২৪তম টেস্ট সেঞ্চুরি করেছেন। শুক্রবার শুরু হায়দরাবাদ টেস্টে বিরাটের জন্য থাকছে ইনজামাম উল হকের রেকর্ডে ভাগ বসানোর সুযোগ।

পাকিস্তানের কিংবদন্তি ব্যাটসম্যান ইনজামামের সেঞ্চুরির সংখ্যা ২৫। বিরাট দাঁড়িয়ে চব্বিশে। বিরিয়ানির শহর যদি ফের বিরাটের ব্যাটিং মৌতাতে মাতে, তাহলে ইনজিকে ছুঁয়ে ফেলবেন ভারত অধিনায়ক। ১২০টি টেস্টে ৪৯.৬০ গড়ে ইনজি ৮৮৩০ রান করেছেন। শতরান সংখ্যা পঁচিশ। বিরাট সেখানে ৭২ নম্বর টেস্টেই চব্বিশে পৌঁছে গিয়েছেন।

রাজকোটে অভিষেক ঘটিয়েই সাড়া ফেলে দেওয়া পৃথ্বী শা সুযোগ পাচ্ছেন সৌরভ গঙ্গোপাধ্যায়, মহম্মদ আজহারউদ্দিন, রোহিত শর্মাদের এলিট ক্লাবে পা রাখার। অভিষেকের পর টানা দুটি টেস্টে শতরানের নজির রয়েছে এই তিন ভারতীয় তারকার। এরমধ্যে আজহারউদ্দিন টানা তিনটি টেস্টে সেঞ্চুরি করেছিলেন ১৯৮৪-এ ইংল্যান্ডের বিরুদ্ধে। সৌরভের জোড়া টেস্টে সেঞ্চুরিও এসেছিল ইংল্যান্ডের বিরুদ্ধে, তবে বিলেতের মাটিতে। রোহিত যে নজির গড়েন শচীনের ফেয়ারওয়েল টেস্ট সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে। রাজকোটে অভিষেকে ১৫৪ বলে ১৩৪ রান করেছেন পৃথ্বী। দ্বিতীয় টেস্টে রাজকোট পারফরম্যান্সের পুনরাবৃত্তি মানে আন্তর্জাতিক কেরিয়ারের শুরুতেই সাফল্যের নতুন শিখর স্পর্শ করবেন বছর আঠারোর মুম্বই ওপেনার।

প্রথম টেস্টে পৃথ্বীর ওপেনিং পার্টনার লোকেশ রাহুল অবশ্য রান পাননি। শূন্যতেই ফিরে গিয়েছিলেন। যদিও দল সিদ্ধান্ত নিয়েছে লোকেশ-পৃথ্বী জুটিকে থিতু হতে পর্যাপ্ত সময় দেওয়া হবে। এদিন কর্ণাটকি ব্যাটসম্যান লোকেশের উপর পূর্ণ আস্থা রেখে বোলিং কোচ ভরত অরুণ তাকে 'দীর্ঘমেয়াদি বিনিয়োগ'আখ্যা দিলেন। ভরতের মতে, লোকেশকে নিয়ে আপাতত বিনিয়োগ করছে দল। আগামী দিনে যার সুফল মিলবে।

১৬টি টেস্ট ইনিংসের ১৪টিতেই সাফল্য না পাওয়া লোকেশে আস্থা রেখে ভরত অরুণ বলেন, 'টেকনিকাল দিকটা রবি শাস্ত্রী, সঞ্জয় বাঙ্গার ভালো বলতে পারবেন। কিন্তু কোচ হিসেবে বলতে পারি, রাহুল দুর্দান্ত প্লেয়ার। খুব ভালো সম্ভাবনা রয়েছে ওর মধ্যে। অদূর ভবিষ্যতে লোকেশ রাহুলের হাত ধরে একজন সুপার ব্যাটসম্যান পেতে চলেছি আমরা।'

দ্বিতীয় টেস্টে মায়াঙ্ক আগরওয়ালকে খেলানোর সম্ভাবনা প্রসঙ্গে জানালেন, সেরা একাদশই তারা নামাবেন। 'পরীক্ষা-নিরীক্ষার ব্যাপার নয়। মাঠে সেরা দল নামবে। আর দলের ১৬জনই প্রস্তুত চ্যালেঞ্জ নিতে,' আত্মবিশ্বাসী জবাব ভারতীয় বোলিং কোচের। পৃথ্বীর সাফল্যের জের টেনে অরুণ আরও যোগ করেন, 'প্রতিটি টেস্টেই নতুন প্রতিভাকে সামনে আনার মতো রসদ রয়েছে আমাদের। রাজকোটে যেমন পৃথ্বীকে খেলানো হয়েছিল। রানের চেয়েও অভিষেক ম্যাচে পৃথ্বীর টেম্পারামেন্ট তারিফযোগ্য। মহম্মদ সিরাজ বেশ প্রতিভাবান পেসার। হায়দরাবাদের দায়িত্বে থাকার সময় কাছ থেকে দেখেছি ওকে। দ্রুত শেখার ক্ষমতা রাখে। ভারতীয় 'এ' দলের হয়ে ওর সাফল্যের মধ্যে যার প্রতিফলন ঘটেছে।'

একঝাঁক প্রতিভাবান পেসারের সঙ্গে শক্তিশালী স্পিন ব্রিগেড। ভরত অরুণের প্রশিক্ষণাধীন বোলিং ব্রিগেডের পারফরম্যান্সও প্রশংসনীয়। খুশিটা সঙ্গী করেই প্রাক্তন টেস্ট বোলার বলেন, 'দীর্ঘদিন ধরে বোলাররা যেভাবে পারফর্ম করছে, তাতে আমরা খুশি। ধারাবাহিকভাবে উন্নতির প্রচেষ্টা চালানো হচ্ছে। তার ফলও মিলছে। বোলারদের ঘুরিয়ে ফিরিয়ে খেলানো হচ্ছে। ফলে তাজা হয়ে নামতে পারছে। উমেশ গত বিদেশ সফরে সেভাবে সুযোগ পায়নি। তবে রাজকোটে দলে ফিরে দারুণ বল করল। ওর উপর আস্থা রয়েছে আমাদের।'

সাংবাদিক সম্মেলনে জেসন হোল্ডার।

# বিশ্বকাপে ক্রিস গেইলকে চান হোল্ডার

**হায়দরাবাদ, ১০ অক্টোবর ঃ** দেশ না আফগানিস্তান প্রিমিয়ার লিগ? দুইয়ের মধ্যে আফগানিস্তান প্রিমিয়ার লিগকে বেছে নিয়ে বিতর্ক বাড়িয়েছেন ক্যারিবিয়ান তারকা ক্রিস গেইল। 'ইউনিভার্সাল বস'-কে ঘিরে প্রবল সমালোচনার মধ্যেই তাঁর পাশে দাঁড়ানোর বার্তা দিলেন ওয়েস্ট ইন্ডিজের অধিনায়ক জেসন হোল্ডার। ক্রিস গেইলকে রেখেই যে সামনের বছর বিস্বকাপে নামতে চান তা একপ্রকার বুঝিয়ে দিয়েছেন ক্যারিবিয়ান তারকা। হোল্ডার জানান, 'গেইল যদি ফিট থাকে তাহলে অবশ্যই ও বিশ্বকাপ খেলবে।' ৪০ বছরের গেইলকে নিয়ে হোল্ডার আরও বলেন, 'গেইল ওয়েস্ট ইন্ডিজের জন্য খেলতে ইচ্ছুক। দেশের কথা ভাবে বলেই ও বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে খেলতে নেমেছিল।' শুধু গেইল নন, মার্লান স্যামুয়েলসেরও প্রশংসা শোনা যায় হোল্ডারের গলায়।

ওয়েস্ট ইন্ডিজের বদলে ক্লাব দলের হয়ে টি২০ লিগকে বেছে নিলেও গেইলের সিদ্ধান্তে কোনো ভুল দেখছেন হোল্ডার। তাঁর মতে, 'গেইল নিজের কেরিয়ারের শেষ সীমায় পৌঁছে গিয়েছে। এখন ওকে খোলা মনে খেলতে দেওয়া উচিত। যাতে ও ক্রিকেটকে উপভোগ করতে পারে।' পাশাপাশি ভারতের বিরুদ্ধে প্রথম টেস্টে ওয়েস্ট ইন্ডিজ ধরাশায়ী হলেও দলের পাশেই দাঁড়াচ্ছেন জেসন হোল্ডার। ক্যারিবিয়ান কিংবদন্তি ব্রায়ান লারার প্রসঙ্গ টেনে হোল্ডার বলেন, 'আমরা বিশ্বের সেরা দলের বিরুদ্ধে খেলছি। তাঁদের ঘরের মাঠে জয় পাওয়াটা কিন্তু সহজ কথা নয়। এর আগে ব্রায়ান লারাও কিন্তু এই দেশ থেকে সিরিজ জিতে ফিরতে পারেননি।' পাশাপাশি কার্ল হুপারদের মতো প্রাক্তনীদের সমালোচনাকেও গুরুত্ব দিতে নারাজ ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক।

## টেস্ট জয়ের আরও কাছে পাকিস্তান

**দুবাই, ১০ অক্টোবর ঃ** দুবাই টেস্টে চালকের আসনে পাকিস্তান। চতুর্থদিনের শেষে দ্বিতীয় ইনিংসে অস্ট্রেলিয়ার স্কোর ৩ উইকেটে ১৩৬। জয়ের জন্য টিম পেইনদের প্রয়োজন ৩২৬ রান। তবে অসি ব্যাটিং লাইনআপের বাকি সাত উইকেট ফেলতে পারলে জয় নিশ্চিত হয়ে যাবে সরফরাজদের। চতুর্থদিনের বোলিং পারফরম্যান্স ধরে রাখতে পারলে সেই কাজটা সহজ হয়ে যাবে পাকিস্তানের জন্য।

দুবাই টেস্টের চতুর্থদিন অবশ্য ব্যাটসম্যানরা নন, ২২ গজে দাপট দেখালেন বোলাররা। আগের দিন অপরাজিত থাকা ইমাম-উল-হককে (৪৮) দ্রুতই ফেরান অসি পেসার জন হল্যান্ড। সেই ধাক্কা সামলে পাক মিডল অর্ডারকে নির্ভরতা দেন হ্যারিস সোহেল (৩৯) এবং আসাদ শফিক (৪১)। শেষপর্যন্ত ৬ উইকেটে ১৮১ রানে নিজেদের দ্বিতীয় ইনিংস ডিক্লেয়ার ঘোষণা করেন সরফরাজ। ৪৬২ রানের জয়ের লক্ষ্যমাত্রা নিয়ে খেলতে নেমে অসি ব্যাটিং লাইনআপকে ভরসা জোগাচ্ছিলেন দুই ওপেনার অ্যারন ফিঞ্চ (৪৯) এবং উসমান খোয়াজা (অপরাজিত ৫০)। প্রথম ইনিংসের মতো দ্বিতীয় ইনিংসেও বড়ো রানের ওপেনিং পার্টনারশিপ গড়ে দলকে ভরসা জোগাচ্ছিলেন দুই ব্যাগি গ্রিনধারী। তবে অস্ট্রেলিয়ার ব্যাটিং লাইনআপে প্রথম আঘাত হানেন পাক পেসার মহম্মদ আব্বাস (৩/২৬)। শুধু ফিঞ্চকে ফেরানোই নয়, শন মার্শ এবং মিচেল মার্শকে শূন্য রানে ফিরিয়ে অস্ট্রেলিয়াকে ব্যাকফুটে ঠেলে দেন তিনি। অর্ধশতরানে অপরাজিত থাকা খোয়াজার সঙ্গে ক্রিজে রয়েছেন অভিষেক টেস্ট খেলতে নামা ট্রাভিস হেড (অপরাজিত ৩৪)।

## ২০১৯ বিশ্বকাপে খেলতে চান যুবি

**বেঙ্গালুরু, ১০ অক্টোবর ঃ** ১৬ মাস জাতীয় দলের বাইরে। নির্বাচকদেরদের বর্তমান, ভবিষ্যৎ কোনো পলিসিতেই নেই যুবরাজ সিংয়ের নাম। যদিও যুবি আশা ছাড়তে নারাজ। জাতীয় দলে প্রত্যাবর্তনই শুধু নয়, ২০১৯ বিশ্বকাপে খেলাও পাখির চোখ! বিজয় হাজারে ট্রফি খেলতে ব্যস্ত বছর সাঁইত্রিশের যুবি সেকথাই শোনালেন। 'ক্রিকেটটা উপভোগ করতে চাই। গত বছর ঘরোয়া ক্রিকেটে আমার খুব ভালো যায়নি। আইপিএলেও সাফল্য পাইনি। একটা বিশ্রাম দরকার ছিল। ফিরে এসে এখন অনেক তরতাজা লাগছে। আশাবাদী আরও বছর দুয়েক অনায়াসে চালিয়ে যেতে পারব। ক্রিকেটই আমার সব কিছু। বিশ্বকাপ অবশ্য ভাবনায় থাকছে। গ্রীষ্মে সপ্তাহ পাঁচেকের জন্য ইংল্যান্ডে গিয়ে ট্রেনিং নিয়েছি। পরিশ্রম করেছি। ফিরে এসেও খাটছি ফিটনেস নিয়ে। বিজয় হাজারে খেলতে আসার আগে সেভাবে ব্যাটিং অনুশীলনের সুযোগ পায়নি। তবে মানসিক ও শারীরিকভাবে আমি প্রস্তুতি চ্যালেঞ্জের মুখোমুখি হতে। এখন দেখার কী অপেক্ষা করছে আমার জন্য।'

## ব্রোঞ্জ নিকিতার

**শিলিগুড়ি, ১০ অক্টোবর ঃ** পুনেতে আয়োজিত পশ্চিমাঞ্চলীয় ন্যাশনাল র‍্যাংকিং টেবল টেনিসে জুনিয়ার মেয়েদের বিভাগে ব্রোঞ্জ জিতল শিলিগুড়ির নিকিতা সরকার। বুধবার সেমিফাইনালে সে ৪-১ গেমে মধ্যপ্রদেশের অনুষা কুটুম্বলের বিরুদ্ধে হেরে গিয়েছে। এর আগে নিকিতা কোয়ার্টার ফাইনালে একই ব্যবধানে অঞ্জলি রোহিলাকে হারিয়ে শেষ চারে জায়গা নিশ্চিত করেছিল।

### 'পৃথ্বী-বীরু তুলনা অযৌক্তিক'

# পুরো সফরে স্ত্রীরা, বিরাটের পাশে গম্ভীর

**মুম্বই, ১০ অক্টোবর ঃ** অ্যাওয়ে সিরিজে স্ত্রীদের সফরসঙ্গী করা নিয়ে বিরাট কোহলির দাবিকে সমর্থন করলেন গৌতম গম্ভীর। বোর্ডের বর্তমান নিয়ম অনুযায়ী বিদেশ সফরে স্ত্রীদের সপ্তাহ দুয়েক থাকার অনুমতি দেওয়া হয়। ভারত অধিনায়ক চান, তা বাড়িয়ে গোটা সফরেই করা হোক। বোর্ডকে করা বিরাটের যে অনুরোধের প্রেক্ষিতে গম্ভীর এদিন বলেন, 'ব্যক্তিগত সিদ্ধান্ত এটা। ক্রিকেটাররাই ঠিক করুক, সফরে তাঁর সঙ্গে স্ত্রী থাকবেন কি না। যদি সংশ্লিষ্ট খেলোয়াড়টি ভালো পারফর্ম করে, তাহলে তাদের বাধা দেওয়া উচিত নয়।'

গত দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ড সফরে বিরাটের সফরসঙ্গী হয়েছিলেন স্ত্রী অনুষ্কা। রোহিত শর্মা, শিখর ধাওয়ানের স্ত্রীরাও নিয়মিত সফরে যান। তবে সময়ের ক্ষেত্রে নিয়মবিধি থাকার ফলে, সফরের মাঝপথেই ফিরতে হয়। বোর্ডের যে পলিসি বদলানোর জন্য সপ্তাহ দুয়েক আগে বিষয়টি তুলে ধরেছিলেন বিরাট। এব্যাপারে বোর্ডকে অনুরোধও করেন। বিসিসিআইয়ের এক আধিকারিক বলেন, 'পলিসি পরিবর্তনের জন্য বোর্ডের কাছে অনুরোধ জানিয়েছেন বিরাট কোহলি। অনুষ্কা নিয়মিত কোহলির সঙ্গে সফর করেন। কোহলি চান, পুরোনো নিয়ম বদলে এব্যাপারে নতুন পলিসি নেওয়া হোক, যেখানে খেলোয়াড়রা স্ত্রীদের পুরো সফরেই সঙ্গে রাখতে পারবেন।'

> 'অনুষ্কা নিয়মিত কোহলির সঙ্গে সফর করেন। কোহলি চান, পুরোনো নিয়ম বদলে এব্যাপারে নতুন পলিসি নেওয়া হোক, যেখানে খেলোয়াড়রা স্ত্রীদের পুরো সফরেই সঙ্গে রাখতে পারবেন।'

বিরাটের যে দাবি প্রসঙ্গে সিওএ-র একটি সূত্র জানিয়েছে, 'হ্যাঁ বিরাট অনুরোধ করেছে। কিন্তু কমিটি এব্যাপারে এখনও কোনো সিদ্ধান্ত নেয়নি। সিওএ কমিটি চাইছে, বিষয়টি নতুন বিসিসিআই আধিকারিকদের হাতেই ছাড়তে। নব নির্বাচিত বোর্ডই চূড়ান্ত পদক্ষেপ করবে। এই মুহূর্তে পুরোনো পলিসিতে কোনো পরিবর্তন করা হবে না।'

এদিকে, মিশন বিশ্বকাপে মহেন্দ্র সিং ধোনির অন্তর্ভূক্তি নিয়েও ঘুরিয়ে প্রশ্ন তুললেন। গম্ভীরের কথায়, 'বয়স কোনো ফ্যাক্টর নয়। পারফরম্যান্সই মোদ্দা কথা। আশা করব ধোনি পারফর্ম করে সমালোচকদের ভুল প্রমাণ করবে।' পাশাপাশি শেহবাগের সঙ্গে নবাগত পৃথ্বী শা-র তুলনায় অসন্তুষ্ট গম্ভীর। 'যে তুলনা করছে, তার উচিত এনিয়ে দুবার ভাবা। ইচ্ছে খুশি মতো কারোর সঙ্গে যে কারোর তুলনা করাটা অযৌক্তিক। পৃথ্বী সবে কেরিয়ার শুরু করেছে। এখনও অনেক পথ পেরোতে হবে। ভুলে গেলে চলবে না শেহবাগ ১০০-র উপর টেস্ট খেলেছে। পৃথ্বীর শুরুটা দুর্দান্ত। প্রতিভাবান। তবে আগামী দিনে ওর জন্য আরও অনেক বড়ো চ্যালেঞ্জ অপেক্ষা করছে।'

## সেমিতে নেতাজি

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ অক্টোবর ঃ** স্কুল স্পোর্টস প্রোমোশন ফাউন্ডেশনের স্কুল ইন্ডিয়া কাপ ফুটবলে সেমিফাইনালে উঠল নেতাজি বয়েজ হাইস্কুল। প্রথম ম্যাচে তারা ২-০ গোলে সুকনা মডেল হাইস্কুলকে হারিয়েছে। হরিমোহন রায় ও পুলক মণ্ডল। দ্বিতীয় ম্যাচে তারা একই ব্যবধানে পঞ্চবতী হাইস্কুলের বিরুদ্ধে জয় পায়। গোল করেন দোলন সরকার ও পাপ্পু বর্মন। তৃতীয় ম্যাচে নেতাজি ২-০ গোলে টেকনো ইন্ডিয়া পাবলিক স্কুলের বিরুদ্ধে জিতে সেমিফাইনাল নিশ্চিত করে। গোল করে দোলন ও দীনবন্ধু বর্মন।

## ফাইনালে ভূমিপুত্র

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ অক্টোবর ঃ** চটহাট স্পোর্টস সুপার অ্যাকাডেমির ৮ দলীয় ফুটবলে ফাইনালে উঠল ভূমিপুত্র এফসি। বুধবার দ্বিতীয় সেমিফাইনালে তারা ৪-১ গোলে হারিয়েছে বাগডোগরার পুটিমারি তরুণ সংঘকে। চটহাট হাইস্কুল মাঠে জোড়া গোল করেন সুব্রত সোরেন। তাদের বাকি গোলদুটি সুদীপ শৈব ও অভিষেক ছেত্রী।

## জিতল গিরমিট

**বাগডোগরা, ১০ অক্টোবর ঃ** পানিঘাটা পুলিশ-পাবলিক মঞ্চের পুলিশ-পাবলিক ফ্রেন্ডশিপ কাপ ফুটবলে বুধবার গিরমিট লাইন ২-০ গোলে খোপারেল ফুটবল ক্লাবকে হারিয়েছে। পানিঘাটা হাইস্কুলের মাঠে জোড়া গোল করেন অদরেশ কিনডো। বৃহস্পতিবার খেলবে পানিঘাটা হাইস্কুল ও ছোটা টিংলিং ফুটবল ক্লাব।

আন্তঃস্কুল ফুটবলে চ্যাম্পিয়ন কালপানি রাজমোহন হাইস্কুল। –জাকির হোসেন

## চ্যাম্পিয়ন রাজমোহন

**ফেশ্যাবাড়ি, ১০ অক্টোবর ঃ** কোচবিহার-২ ব্লকের কালপানি রাজমোহন হাইস্কুলের আন্তঃবিদ্যালয় ফুটবলে চ্যাম্পিয়ন হল আয়োজকরা। বুধবার ফাইনালে তারা ৩-২ গোলে খড়িমারি বীরেন্দ্র বর্মন হাইস্কুলকে হারিয়েছে। ঘরের মাঠে রাজমোহনের রোহিত বর্মন জোড়া গোল করে। তাদের অন্যটি বিশাল চৌধুরির। খড়িমারির সহিদুল হক জোড়া গোল পেয়েছে। ফাইনালের সেরা রোহিত। পুরস্কার তুলে দেন কালপানি হাইস্কুলের প্রধান শিক্ষক দেবাশিস পাল।

## আইসিসি-কে ফের চিঠি পিসিবি-র

**ইসলামাবাদ, ১০ অক্টোবর ঃ** ভারতীয় ক্রিকেট বোর্ডের কাছে ক্ষতিপূরণ দাবি করে আইসিসি-র কাছে ফের চিঠি পাঠাল পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। দ্বিপাক্ষিক সিরিজ না করার জন্য ক্ষতিপূরণের দাবিতে সরব হয়েছিল পিসিবি। ২০১৫-২০২৩ সালের মধ্যে বেশ কয়েকটি ভারত-পাকিস্তান দ্বিপাক্ষিক সিরিজ হওয়ার কথা ছিল। কিন্তু দিল্লি-ইসলামাবাদ সম্পর্কের শীতলতার কারণে বাইশগজে একটি বারের জন্যও বল গড়ায়নি। এর ফলে তাদের ৭০ মিলিয়ন ডলার ক্ষতি হয়েছে বলে দাবি করেছে পাক ক্রিকেট বোর্ড। এই অর্থই তারা বিসিসিআইয়ের কাছে দাবি করেছে। ভারতের কাছ থেকে ক্ষতিপূরণের অর্থ পাওয়ার জন্য বারবারই আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলে সরব হচ্ছে পাকিস্তান।